২৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 JAN 1997
পৃঃ 12 কলাম 2

# মার্কশীটের অভাবে হাজার হাজার ছাত্র-ছাত্রী মাষ্টার্সে ভর্তি হইতে পারেন নাই

বরিশাল অফিস ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে বিশেষ ডিগ্রী পরীক্ষার মার্কশীট ইস্যু না হওয়ায় হাজার হাজার ছাত্র-ছাত্রী মাষ্টার্স কোর্সে ভর্তি হওয়ার সুযোগ হইতে বঞ্চিত হইয়াছে। গত মঙ্গলবার ছিল ভর্তির শেষ দিন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী পরীক্ষার সর্বশেষ ব্যাচের যাহারা অকৃতকার্য হইয়াছিল তাহাদের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় ঐ বিশেষ পরীক্ষার ব্যবস্থা করে। ১১ই মে ঐ পরীক্ষা শুরু হইয়াছিল। ফল বাহির হয় গত নভেম্বর মাসে। দুইমাসেও কৃতকার্যদের মার্কশীট বা ট্যাবুলেশন শীট কলেজে পৌছে নাই। বেশ কয়েকটি কলেজ হইতে বিশ্ববিদ্যালয়ে লোক পাঠানো হইয়াছিল মার্কশীট সংগ্রহের জন্য। তাহারা ব্যর্থ হইয়া ফিরিয়া আসিয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয়কে এ ঘটনা জানানোর পরও তাহারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই। এমনকি মাষ্টার্সে ভর্তির সময়ও বৃদ্ধি করা হয় নাই। ফলে কৃতকার্য পরীক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।